

- ০৭। আবেদনকারীকে জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সীল ও স্বাক্ষর সম্বলিত নির্দিষ্ট ফরমে নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদন করতে হবে। ক) সংগঠন/ সমিতির নির্বাচিত কমিটির তালিকা, খ) সংগঠন/ সমিতির গঠনতন্ত্রের কপি, গ) ব্যাংক কাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র, ঘ) সংগঠন/ সমিতির সভাপতি ও সম্পাদক এর সত্যায়িত ছবি এবং সংশ্লিষ্ট জলমহালে ০৩(তিন) বছর মেয়াদী মৎস্য চাষ/ উৎপাদন সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা / রূপরেখা সংযুক্ত করতে হবে।
- ০৮। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বৈধ দরদাতাকে ১ম বছরের সাফল্য ইজারা মূল্য, ১৫% ভ্যাট ও ৫% আয়করসহ সমুদ। অর্থ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে সরকারের সংশ্লিষ্ট খাতে/ কোডে জমা প্রদান করতে হবে। অন্যথায় আবেদনপত্র সঞ্চে দেয় জামানত বাবদ অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ০৯। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।
- ১০। লীজপ্রাপ্ত আবেদনকারী কর্তৃক সম্পূর্ণ টাকা পরিশোধের পর ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প চুক্তিনামা সম্পাদন করতে হবে। ইজারা গ্রহীতার নিজ উদ্যোগে ও খরচে এবং চুক্তিনামা সম্পাদিত হওয়ার পরই কেবলমাত্র জলমহালের দখল হস্তান্তর করা হবে।
- ১১। ইজারা সংক্রান্ত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ এবং সময় সময় জারীকৃত সরকারি আদেশ/ বিধানসমূহ ইজারা গ্রহীতাকে অবশ্যই মেনে চলতে হবে।
- ১২। ইজারা মেয়াদকাল বাংলা ১৪২৭ সন হতে বাংলা ১৪২৯ সন পর্যন্ত কার্যকর হবে এবং চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল হস্তান্তর করা হবে না এবং আবেদনপত্র অনুমোদন প্রাপ্তিতে বিলম্ব হলে এ বিলম্বের কারণে কোন ভাবেই ইজারা মেয়াদকাল বৃদ্ধির আবেদন গ্রহণযোগ্য হবে না। বছরের যে কোন সময় দরপত্র/ আবেদন আহবান করা হলেও ইজারার মেয়াদকাল ১লা বৈশাখ, ১৪২৭ বাংলা সন হতেই কার্যকর বলে গণ্য হবে।
- ১৩। ইজারাকৃত জলমহালের ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য, ১৫% ভ্যাট ও ৫% আয়কর পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে অন্যথায় স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল হয়ে যাবে।
- ১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা/ কাটাকাটি/ ফ্লুইড দেয়া আবেদন বাতিলযোগ্য হবে।
- ১৫। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/ বন্দোবস্ত পাবে না।
- ১৬। লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ বা অন্য কোন ব্যক্তি/ গোষ্ঠির কাছে হস্তান্তর করা যাবে না।
- ১৭। জলমহালের জমি রেকর্ড অনুযায়ী যাহাই থাকুক না কেন বর্তমানে আরএস রেকর্ড অনুযায়ী জলমহালের দখল প্রদান করা হবে।
- ১৮। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে দাখিলকৃত যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

*Handwritten signature and date: 03/12/2019*

এস.এম. মুনিম লিংকন  
উপজেলা নির্বাহী অফিসার  
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।  
ফোন-০৭৬২৩৫৬০০১  
[unodamurhuda@mopa.gov.bd](mailto:unodamurhuda@mopa.gov.bd)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ০১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২।  
০২। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।  
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), চুয়াডাঙ্গা।  
০৪। জেলা মৎস্য অফিসার, চুয়াডাঙ্গা।  
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

অনুলিপি অগতি ও বহল প্রচারের জন্য :

- ০৬। সহকারী কমিশনার(ভূমি), দামুড়হুদা, চুয়াডাঙ্গা।  
০৭। উপজেলা মৎস্য অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।  
০৮। উপজেলা সমবায় অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।  
০৯। চেয়ারম্যান, .....(সকল), দামুড়হুদা।  
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..... ইউনিয়ন ভূমি অফিস, দামুড়হুদা।  
১১। সম্পাদক, বৈদিক মাথাডাঙ্গা, চুয়াডাঙ্গা। বিজ্ঞপ্তি তার পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১(এক) দিনের সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।  
১২। জনাব.....  
১৩। অফিস কপি।